Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

# DU in Media

০৯ মাঘ ১৪৩১

23 January 2025

## নয়া দিগন্ত

### অমর একুশ উদযাপনে ঢাবিতে প্রস্তুতি সভা

যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠু, সুশৃঙ্খল ও শান্তিপূর্ণভাবে অমর একুশে ফেব্রুয়ারি 'শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদযাপনের লক্ষ্যে এক প্রস্তুতি সভা গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সভায় সভাপতিত্ব করেন।

সভায় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভিসি চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদসহ রেজিস্ট্রার, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের ■ ৪র্থ পৃ: ৫-এর কলামে



অমর একুশে পালন উপলক্ষে ঢাবি ভিসির সভাপতিত্বে প্রস্তুতি সভায় অতিথিরা ■ নয়া দিগন্ত

### অমর একুশে উদযাপন

৩য় পৃষ্ঠার পর

প্রভোস্ট, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক, অফিস প্রধানরা এবং ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন, কর্মকর্তা ও কর্মচারী সমিতিগুলোর প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করার জন্য সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানান। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সুনাম অক্ষুণ্ন রাখার স্বার্থে অমর একুশে উদযাপন উপলক্ষে গৃহীত সব কর্মসূচি সফলভাবে বাস্তবায়নে তিনি সংশ্লিষ্ট সবার সর্বাত্মক সহযোগিতা কামনা করেন।

সভায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের সব কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খানকে সমন্বয়কারী, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম ও ফার্মেসি অনুষদের ডিন অধ্যাপক ড. মো: সেলিম রেজাকে যুগ্ম সমন্বয়কারী এবং প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদকে সদস্যসচিব করে অমর একুশে উদযাপন কেন্দ্রীয় সমন্বয় কমিটি গঠন করা হয়। এ ছাড়া এ উপলক্ষে ১৩টি উপ-কমিটি গঠন করা হয়। বিজ্ঞপ্তি।

## দেশ রুপান্তর

### অমর একুশে উদযাপনে ঢাবির প্রস্তুতি কমিটি গঠন

ঢাবি প্রতিনিধি

যথাযোগ্য মর্যাদায় অমর একুশে ফেব্রুয়ারি, শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনের লক্ষ্যে প্রস্তুতি কমিটি গঠন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত এক সভায় অমর একুশে উদযাপন কেন্দ্রীয় সমন্বয় কমিটি ও ১৩টি উপকমিটি গঠন করেন উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান।

বিশ্ববিদ্যালয় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খানকে সমন্বয়কারী, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম ও ফার্মেসি অনুষদের ডিন অধ্যাপক ড. মো. সেলিম রেজাকে যুগ্ম সমন্বয়কারী এবং প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদকে সদস্য সচিব করে অমর একুশে উদযাপন কেন্দ্রীয় সমন্বয় কমিটি গঠন করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করার জন্য সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানান। বিশ্ববিদ্যালয়ের সুনাম অক্ষুণ্ন রাখতে অমর একুশের সব কর্মসূচি সফলভাবে বাস্তবায়নে তিনি সংশ্লিষ্ট সবার সর্বাত্মক সহযোগিতা কামনা করেন।

## খবরের কাগজ

### অমর একুশে উদযাপনে ঢাবির প্রস্তুতি সভা

#### কেন্দ্রীয় সমন্বয় কমিটিসহ ১৩ উপকমিটি গঠন

ঢাবি প্রতিনিধি

যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠু, সুশৃঙ্খল ও শান্তিপূর্ণভাবে অমর একুশে ফেব্রুয়ারি 'শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদযাপনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় কেন্দ্রীয় সমন্বয় কমিটিসহ ১৩টি উপকমিটি গঠন করা হয়। গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান।

সভায় যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের জন্য সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানিয়েছেন উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের সুনাম অক্ষুণ্ন রাখার স্বার্থে অমর একুশে উদযাপন উপলক্ষে গৃহীত সব কর্মসূচি সফলভাবে বাস্তবায়নে তিনি সংশ্লিষ্ট সবার সর্বাত্মক সহযোগিতা কামনা করেন। সভায় মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের সব কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খানকে সমন্বয়কারী, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম ও ফার্মেসি অনুষদের ডিন অধ্যাপক ড. মো. সেলিম রেজাকে যুগ্ম সমন্বয়কারী এবং প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদকে সদস্যসচিব করে অমর একুশে উদযাপন কেন্দ্রীয় সমন্বয় কমিটি গঠন করা হয়। এ ছাড়া এ উপলক্ষে ১৩টি উপকমিটি গঠন করা হয়।

এ সময় অন্যদের মধ্যে সভায় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদসহ রেজিস্ট্রার, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রভোস্ট, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক, অফিস প্রধানরা এবং ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন, কর্মকর্তা ও কর্মচারী সমিতিগুলোর প্রতিনিধিরা।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

০৯ মাঘ ১৪৩১

DU in Media

23 January 2025

## দৈনিক বর্তমান

# অমর একুশে উদযাপনে ঢাবির প্রস্তুতি কমিটি গঠন

ঢাবি প্রতিনিধি

যথাযোগ্য মর্যাদায় অমর একুশে ফেব্রুয়ারি, শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনের লক্ষ্যে প্রস্তুতি কমিটি গঠন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) কর্তৃপক্ষ। বুধবার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত এক সভায় অমর একুশে উদযাপন কেন্দ্রীয় সমন্বয় কমিটি ও ১৩টি উপ-কমিটি গঠন করেন উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। এ সময় তিনি নিয়ম-শৃঙ্খলা বজায় রেখে সুষ্ঠু ও সফলভাবে এসব কর্মসূচি বাস্তবায়নের জন্য এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩



যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠ, সুশৃঙ্খল ও শান্তিপূর্ণভাবে অমর একুশে ফেব্রুয়ারি 'শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদ্‌যাপনের লক্ষ্যে এক প্রস্তুতি সভা বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সভায় সভাপতিত্ব করেন -বর্তমান

### অমর একুশে উদযাপনে

সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করেন। বিশ্ববিদ্যালয় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খানকে সমন্বয়কারী, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম ও ফার্মেসি অনুষদের ডিন অধ্যাপক ড. মো. সেলিম রেজাকে যুগ্ম সমন্বয়কারী এবং প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদকে সদস্য-সচিব করে অমর একুশে উদযাপন কেন্দপ-কমিটি গঠন করা হয়।

সভায় বিশ্ববিদালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদসহ রেজিস্ট্রার, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রভোস্ট, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক, অফিস প্রধানগণ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন, কর্মকর্তা ও কর্মচারী সমিতিসমূহের প্রতিনিধি উপস্থিত ছিলেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। ঢাবির সুনাম অক্ষুণ্ন রাখার স্বার্থে অমর একুশে উদযাপন উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচি সফলভাবে বাস্তবায়নে তিনি সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন।

## The Country Today

# Preparation meeting on Amar Ekushey celebration at DU



DU Correspondent

A preparation meeting was held at Dhaka University Nawab Ali Chowdhury Senate Bhaban on Wednesday to celebrate Amar Ekushey February 'Martyrs' Day and International Mother Language Day' in a peaceful manner with due dignity.

Dhaka University Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan presided over the meeting.

The meeting was attended by the University's Pro-Vice Chancellor (Admin) Prof Dr. Saima Haque Bidisha, Pro-Vice Chancellor (Edn) Prof Dr. Mamun Ahmed, Proctor Associate Prof Saifuddin Ahmed, Registrar, Deans of various faculties, Provosts of various halls, Chairmen of various departments, Directors of various institutes, Heads of offices and representatives of Dhaka University Alumni Association, Officers and Employees' Associations.

Vice-Chancellor Prof Dr. Niaz Ahmed Khan called upon all concerned to observe the great Martyrs' Day and the International Mother Language Day in a fair and orderly manner with due dignity and solemnity. He sought the full cooperation of all concerned in the successful Continued to page 2

### Preparation meeting

implementation of all the programs taken on the occasion of Amar Ekushey celebration in the interest of maintaining the reputation of Dhaka University.

In the meeting, in order to implement all the programs of the great Martyrs' Day and the International Mother Language Day smoothly, the Amar Ekushey Celebration Central Coordination Committee was formed with Prof Dr. Mohammad Siddiqur Rahman Khan, Dean of the Faculty of Arts, Dhaka University, as the coordinator, Prof. Dr. Abdus Salam, Dean of the Faculty of Science and Prof Dr. Md. Selim Reza, Dean of the Faculty of Pharmacy, as the joint coordinator and Proctor Associate Prof Saifuddin Ahmed as the member-secretary. In addition, 13 sub-committees were formed on the occasion.

# দৈনিক আমাদের বার্তা

## একুশ উদযাপনে ঢাবির সভা

■ আমাদের বার্তা ডেস্ক

যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠু, সুশৃঙ্খল ও শান্তিপূর্ণভাবে অমর একুশে ফেব্রুয়ারি ‘শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস’ উদযাপনের লক্ষ্যে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এ সভা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সভায় সভাপতিত্ব করেন।

সভায় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদসহ রেজিস্ট্রার, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রভোস্ট, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক, অফিস প্রধানরা এবং ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন, কর্মকর্তা ও কর্মচারী সমিতিগুলোর প্রতিনিধি উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।

# The Country Today




## Joint opera exhibition at DU to celebrate Chinese New Year

**DU Correspondent**

A joint opera exhibition was held at Dhaka University Theatre on Wednesday to celebrate Chinese New Year 2025.

Students of the Department of Theatre and Performance Studies, Dhaka University and artists from the 'Zhejiang Wu Opera Research Center' in China participated in this theatre exhibition. This theatre exhibition was organized as part of a cultural exchange program between various institutions in Bangladesh and China. Dhaka University Vice Chancellor Professor Dr. Niaz Ahmed Khan was present as the chief

Continued to page 2

### Joint opera exhibition

guest at the event.

The event was presided over by Kazi Tamanna Haque Sigma, Chairperson of the Department of Theatre and Performance Studies, Dhaka University, and was attended by Pro-Vice Chancellor (Education) of the university, Professor Dr. Mamun Ahmed, and Third Secretary of the Chinese Embassy in Dhaka, Mr. Zhuyong, spoke as special guests. Departmental teachers, students and officials of the Chinese Embassy were present at the time.

আজকালের খবর



# চীনা নববর্ষ উদ্‌যাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে যৌথ অপেরা প্রদর্শনী

● নিজস্ব প্রতিবেদক

চীনা নববর্ষ ২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় নাটমণ্ডলে যৌথ অপেরা প্রদর্শনী অনুষ্ঠিত হয়। এই নাট্য প্রদর্শনীতে ঢাকা বিশ্ববিদ্যালয় থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের শিক্ষার্থী এবং চীনের 'ঝেজিয়াং উ অপেরা রিসার্চ সেন্টার'র শিল্পীরা অংশগ্রহণ করেন। বাংলাদেশ এবং চীনের বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে সাংস্কৃতিক বিনিময় কর্মসূচির অংশ হিসেবে এই নাট্যকলা প্রদর্শনীর আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের চেয়ারপারসন কাজী তামান্না হক সিগমা'র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং ঢাকাস্থ চীনা দূতাবাসের থার্ড সেক্রেটারি ঝুইয়ং বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এসময় বিভাগীয় শিক্ষক, শিক্ষার্থী এবং চীনা দূতাবাসের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান চীনা নববর্ষ উপলক্ষ্যে সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, বাংলাদেশ এবং চীনের মধ্যে দীর্ঘদিন ধরে বন্ধুত্বপূর্ণ সুসম্পর্ক বিরাজ করছে। শিক্ষা-গবেষণা ও ব্যবসা-বাণিজ্যসহ বিভিন্ন ক্ষেত্রে উভয় দেশ একযোগে কাজ করছে। জ্ঞান, অভিজ্ঞতা ও সাংস্কৃতিক বিনিময় কর্মসূচির মাধ্যমে দু'দেশের বিরাজমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ভবিষ্যতে আরো জোরদার হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। উল্লেখ্য, চীনা নববর্ষ ২০২৫ উপলক্ষ্যে 'স্প্রিং ফেস্টিভ্যাল'-এ অংশ নিতে চীনের 'ঝেজিয়াং উ অপেরা রিসার্চ সেন্টার'র একটি নাট্যদল ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে অপেরা নাটক প্রদর্শন করছে। সাংস্কৃতিক বিনিময় কর্মসূচির অংশ হিসেবে দলটি ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসে। অনুষ্ঠানে 'ঝেজিয়াং উ অপেরা রিসার্চ সেন্টার'র শিল্পীরা অপেরা সঙ্গীত, অ্যাক্রোবেটিক, দলীয় নৃত্য, সর্পনৃত্যসহ নানা ধরনের নান্দনিক পরিবেশনার মাধ্যমে তাদের হাজার বছরের সাংস্কৃতিক ঐতিহ্য তুলে ধরেন। নাট্যিক পরিবেশনার মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের শিক্ষার্থীরা দেশজ নাট্যের বিভিন্ন দিক তুলে ধরেন।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



দৈনিক আমাদের বার্তা




# চীনা নববর্ষ উদযাপন উপলক্ষে ঢাবিতে যৌথ অপেরা প্রদর্শনী

■ আমাদের বার্তা, ঢাবি

চীনা নববর্ষ ২০২৫ উদযাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) যৌথ অপেরা প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। এই নাট্য প্রদর্শনীতে ঢাকা বিশ্ববিদ্যালয় থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের শিক্ষার্থী এবং চীনের 'ঝেজিয়াং উ অপেরা রিসার্চ সেন্টার'-এর শিল্পীরা অংশগ্রহণ করেন।

গতকাল বুধবার ঢাবির নাট্যমন্ডলে বাংলাদেশ এবং চীনের বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে সাংস্কৃতিক বিনিময় কর্মসূচির অংশ হিসেবে এই নাট্যকলা প্রদর্শনীর আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের চেয়ারপার্সন কাজী তামান্না হক সিগমার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং ঢাকাস্থ চীনা দূতাবাসের থার্ড সেক্রেটারি মিঝুইয়াং বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন। এ সময় বিভাগীয় শিক্ষক, শিক্ষার্থী এবং চীনা দূতাবাসের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান চীনা নববর্ষ উপলক্ষে সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন, বাংলাদেশ ও চীনের মধ্যে দীর্ঘদিন ধরে বন্ধুত্বপূর্ণ সুসম্পর্ক বিরাজ করছে।

শিক্ষা-গবেষণা ও ব্যবসা-বাণিজ্যসহ বিভিন্ন ক্ষেত্রে উভয় দেশ একযোগে কাজ করছে।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

০৯ মাঘ ১৪৩১

# DU in Media

23 January 2025

## জনকণ্ঠ



চীনা নববর্ষ ২০২৫ উদ্‌যাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় নাটমন্ডলে যৌথ অপেরা প্রদর্শনী অনুষ্ঠিত হয়। —জনকণ্ঠ

## The Daily Observer



In celebration of Chinese New Year 2025, a joint opera performance organized as part of a cultural exchange, was held at Dhaka University's Natmondal on Wednesday. Dhaka University Vice-Chancellor Prof Dr Niyaz Ahmed Khan attended the event as chief guest.

PHOTO: OBSERVER

# The Asian Age



## DU Music Department hosts freshers' reception and farewell ceremony

**Raihan Ahmed,** *AA*

According to a press release issued by the University of Dhaka, the Department of Music organized a freshers' reception and farewell ceremony on Wednesday, January 22, 2025, at the TSC auditorium. Professor Dr. Mamun Ahmed, Pro-Vice-Chancellor (Education) of Dhaka University, attended the event as the chief guest.

The program, chaired by Dr. Priyanka Gopal, Chairperson of the department, featured speeches from Seuti Saha Srija on behalf of the freshers and Soumya Snigdha Bhanja representing the outgoing students. Faculty members and students were also in attendance.

The press release highlighted Dr. Mamun Ahmed's remarks on the importance of practice and dedication in excelling in music and the vital role the department plays in fostering musical excellence. He urged everyone to document academic and cultural activities effectively to enhance the university's global ranking.

The event concluded with a cultural performance by the students.

# The Bangladesh Today



The freshers' reception and farewell ceremony for the students of the Music Department of Dhaka University was held on Wednesday at the Student-Teacher Center Auditorium. Dhaka University Pro-Vice Chancellor (Education) Professor Dr. Mamun Ahmed was present as the chief guest at the event. Photo: Courtesy